

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬.০২০.০০৪.০০.০১.৪১৪.২০১৫- ৬৪৬

তারিখঃ ৭-০৩-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং-৮৮৩৫/২০১৫ মামলায় গত ০৬-০৯-২০১৫খ্রিঃ তারিখের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে আপীল দায়ের সংক্রান্ত।


সূত্রঃ রীট শাখা-১, সলিসিটর অনুবিভাগের গত ১১-০২-২০১৬খ্রিঃ তারিখের ১৯৯ সংখ্যক স্মারক।

বরগুনা জেলার আমতলী উপজেলাধীন ৬নং আমতলী ইউনিয়ন পরিষদের তফসিলভুক্ত এলাকাসমূহ সরকারি গেজেটভুক্ত না হওয়া সত্ত্বেও উক্ত এলাকাসমূহ হতে আইনী প্রক্রিয়া ছাড়াই আমতলী পৌরসভা কর্তৃক দখল, পৌর কর আদায়, অবৈধ ভোটের তালিকা সৃষ্টিকরতঃ বেআইনীভাবে কর/ট্যাক্স আদায় বন্ধ রাখার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৮৩৫/২০১৫নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনে পৌরসভার উল্লিখিত কার্যকলাপের আদেশের উপর গত ০৬-০৯-২০১৫খ্রিঃ তারিখে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে লীড-টু-আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে রীট পিটিশনের আরজির পূর্ণাঙ্গ কপি, মামলা সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি (যদি থাকে), বিলম্বের ব্যাখ্যা ও গ্রাউন্ডস অব আপীল প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনসমূহে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভাঙেটকরণ এবং জবাব দাখিলের মাধ্যমে মামলাটি নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


০৭.০৬.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

জনাব সালাউদ্দিন ইক্কান্দার (কিং)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সিনিয়র সহকারী সচিব (ইপ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মোঁচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা/সহকারী পরিচালক, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৯। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।